

বাংলাদেশ বিমান বাহিনী রেকর্ড অফিস

টার্মিনাল ভবন, পুরাতন বিমান বন্দর

তেজগাঁও, ঢাকা-১২১৫

সূত্রঃ ০০.০৩.০০০০.৯৭৮.৬১.০২৩.১৭.০৯৭

তারিখঃ ২৪ আগস্ট ২০২০

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিমান বাহিনীতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে মেকানিক্যাল ট্রান্সপোর্ট ড্রাইভার (এমটিডি) প্রচলিত বিধি মোতাবেক নিম্ন বর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে বাংলাদেশের স্থায়ী পুরুষ নাগরিকদের (বিবাহিত/অবিবাহিত) নিকট থেকে দরখাস্ত আহবান করা যাইতেছেঃ

ক্রমিক নং	পদের নাম, বেতন ও সর্বোচ্চ বয়সসীমা	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	মেকানিক্যাল ট্রান্সপোর্ট ড্রাইভার (এমটিডি) বেতনঃ সর্বসাকুল্যে মাসিক প্রদেয় বেতন ২২,৫০০/= (বাইশ হাজার পাঁচ শত) টাকা মাত্র। বয়সঃ প্রার্থীর বয়স আবেদনপত্র জমাদানের শেষ তারিখে সর্বনিম্ন ২১ ও সর্বোচ্চ ৩৫ বৎসরের মধ্যে হইতে হইবে। (বয়স নির্ধারণের ক্ষেত্রে প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার সনদপত্র/জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্র প্রযোজ্য হইবে এবং বয়সের ক্ষেত্রে এফিডেভিড গ্রহণযোগ্য হইবে না)।	৩১টি	ক। কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে ন্যূনতম অষ্টম শ্রেণী/জেএসসি/জেডিসি সমমান পাস। খ। বিআরটিএ কর্তৃক বৈধ পেশাদার (হালকা/ভারী) ড্রাইভিং লাইসেন্সধারী। গ। ন্যূনতম ০৩(তিন) বৎসরের গাড়ী চালানোর বাস্তব অভিজ্ঞতা। ঘ। কোন ওয়ার্কশপে মেকানিক হিসাবে কর্ম অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচিত হইবে।

শর্তাবলীঃ

- ১। আগ্রহী প্রার্থীদের দরখাস্ত স্বহস্তে পূরণ করিয়া ডাকযোগে ১২ সেপ্টেম্বর ২০২০ তারিখ পর্যন্ত অফিস সময়ের মধ্যে (১৪৩০ ঘটিকা) অধিনায়ক, বিমান বাহিনী রেকর্ড অফিস, টার্মিনাল ভবন, পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫ ঠিকানায় পৌঁছাতে হইবে। হাতে হাতে আবেদন পত্র জমা গ্রহণযোগ্য নহে।
- ২। প্রার্থীদেরকে আবেদনপত্রের সাথে "বিমান বাহিনী কেন্দ্রীয় বেসরকারী তহবিল" এর অনুকূলে ২০০ (দুইশত) টাকা মূল্যের অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করিতে হইবে (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য হইবে না)। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই ঢাকাসহ মহাখালী/ফার্মগেইট/কাওরান বাজার/ঢাকা ক্যান্টনমেন্ট এলাকার অগ্রাণী/সোনালী/জনতা ব্যাংকে পরিশোধযোগ্য হইতে হইবে। বর্ণিত এলাকাসমূহ ব্যতীত অন্য কোন এলাকায় পরিশোধযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার গ্রহণযোগ্য হইবে না। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ব্যতীত আবেদনপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।
- ৩। সদ্যতোলা পাসপোর্ট সাইজের ৪(চার) কপি সত্যায়িত রঙ্গিন ছবি সংযুক্ত করিতে হইবে।
- ৪। সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট, মার্কশীট এবং প্রশংসা পত্রের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করিতে হইবে।

- ৫। ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত অনুলিপি সংযুক্ত করিতে হইবে।
- ৬। অভিজ্ঞতা সনদপত্রের (যদি থাকে) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করিতে হইবে।
- ৭। রেজিস্টার্ড ডাকযোগে এ্যাডমিট কার্ড পাঠানোর জন্য ১০ টাকার ডাকটিকিট সম্বলিত প্রার্থীর ঠিকানা ও মোবাইল নম্বরসহ ৪" X ৮" সাইজের খাম সংযুক্ত করিতে হইবে।
- ৮। নাগরিকত্বের স্বপক্ষে জাতীয় পরিচয়পত্র / জাতীয়তা সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে।
- ৯। প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র সংযুক্ত করিতে হইবে।
- ১০। আবেদনের শেষ তারিখে প্রার্থীর বয়স সর্বোচ্চ সীমার মধ্যে থাকিতে হইবে। তবে নিয়োগকারী কর্তৃপক্ষ অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীর বয়সসীমা যৌক্তিকভাবে শিথিল করিতে পারিবেন এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তানদের ক্ষেত্রে নির্ধারিত বয়সসীমা ০২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।
- ১১। খামের উপর প্রার্থীর নিজ জেলার নাম উল্লেখ করিতে হইবে।
- ১২। লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।
- ১৩। আবেদনপত্র এবং অন্যান্য কাগজপত্র ফেরৎ দেওয়া হইবে না।
- ১৪। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। আবেদনপত্রের উপর কোন ধরনের সুপারিশ অযোগ্যতা হিসাবে গণ্য হইবে।
- ১৫। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত অথবা বিলম্বেপ্রাপ্ত আবেদনপত্রসমূহ বাতিল বলিয়া গণ্য হইবে। আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষেত্রে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।
- ১৬। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার তারিখ এসএমএস/পত্র মারফত এবং অত্র অফিসের ওয়েব সাইটের মাধ্যমে জানানো হইবে।
- ১৭। কর্তৃপক্ষ উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।